

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন-৩ অধিশাখা  
[www.mofl.gov.bd](http://www.mofl.gov.bd)

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতি : রওনক মাহমুদ  
সচিব  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
ও  
সভাপতি, শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি  
তারিখ ও সময় : ০৮/০৪/২০২১ খ্রিঃ; সকাল ১১.০০ ঘটিকা।  
স্থান : সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং এতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২) ও মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট শাহ ইমদাদুল হক আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, এ মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত আছে। তিনি আরো জানান যে, চলতি ২০২০-২০২১ অর্থবছরের ৩য় প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য প্রস্তুতকৃত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনটি সদয় অবলোকন ও মতামত গ্রহণের জন্য তিনি সকলকে অনুরোধ জানান। প্রস্তুতকৃত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনটির বিষয়ে সকলে সহমত পোষণ করায় মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।


০২। সভাপতি বলেন যে, বিদ্যমান করোনা পরিস্থিতির মধ্যেও মন্ত্রণালয় ও অধীন সংস্থাসমূহ স্বাস্থ্য বিধি মেনে কার্যক্রম অব্যাহত রাখায় দেশে প্রাণিজ আমিষের ঘাটতি দেখা দেয়নি। তিনি উপস্থিত সকলকে অবহিত করেন যে, সারা বিশ্বের মতো আমাদের দেশেও করোনা ভাইরাসের ২য়/৩য় ওয়েভ চলছে। বিগত ০১ বছরের অভিজ্ঞতাকে সামনে নিয়ে স্বাস্থ্যবিধি মেনে স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য তিনি সকলকে অনুরোধ জানান। উপস্থিত কর্মকর্তাগণ করোনা ভাইরাসের নতুন সংক্রমন মোকাবেলার লক্ষ্যে করণীয় সম্পর্কে জন্য নিজ নিজ অভিমত ব্যক্ত করেন।

০৩। বিস্তারিত আলোচনার পর সভার নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুমোদন করা হয়।

(খ) সরকার পরিচালিত টিকাদান কর্মসূচিকে সফল করার জন্য মন্ত্রণালয়ের অধীন সংস্থাসমূহের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের টিকা গ্রহণ নিশ্চিতকরণসহ পরিবার ও সমাজের অন্যান্যদেরকে টিকা গ্রহণের জন্য উদ্বুদ্ধ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(রওনক মাহমুদ)

সচিব

ও

সভাপতি

জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি